

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২২২(আগরতলা ১৬।০৩)

সোনামুড়া, ১৬ মার্চ, ২০২৪

**সোনামুড়ায় ৫০ শয্যাবিশিষ্ট ছাত্রী নিবাস**

সোনামুড়ায় গতকাল এক অনুষ্ঠানে ৫০ শয্যাবিশিষ্ট ভগিনী নিবেদিতা ছাত্রী নিবাসের নবনির্মিত ভবনের উদ্বোধন হয়েছে। সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত নবনির্মিত এই ছাত্রী নিবাসের উদ্বোধন করেন। বাবু জগজীবন রাম ছাত্রাবাস যোজনায় এই ছাত্রী নিবাসটি নির্মাণ করা হয়েছে। সোনামুড়া উচ্চতর বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের জন্য এই ছাত্রী নিবাসটি নির্মাণ করা হয়েছে।

ছাত্রী নিবাসের উদ্বোধন করে জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত বলেন, ছাত্রীদের পড়াশুনার সুবিধার জন্য এই ছাত্রী নিবাসটি নির্মাণ করা হয়েছে। অনুষ্ঠানে বিধায়ক কিশোর বর্মণ বলেন, সমাজের পিছিয়ে পড়া তপশিলি জাতি, জনজাতি, ওবিসি সম্প্রদায়ের কল্যাণে রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমা শাসক অরুণ দেব ও সমাজসেবী দেবব্রত ভট্টাচার্য। সভাপতিত্ব করেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী।

\*\*\*\*\*

News Uploading time = 12:30 PM